গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
রাজস্ব ভবন
সেগুন বাগিচা, ঢাকা।

# সাধারণ আদেশ

সাধারণ আদেশ নং-১১/২০০৮/শুল্ক/ তারিখ : ১৮ মার্চ, ২০০৮ইং / ০৪ চৈত্র, ১৪১৪ বাং

**বিষয় ঃ শতভাগ রপ্তানীমূখী জাহাজ নিমার্ণ শিল্পে ব্যবহার্য-আমদানিয়/আমদানীকৃত কাঁচামাল খালাস/রপ্তানী প্রসংগে।**

শিপ বিল্ডিং শিল্প বাংলাদেশে নতুন একটি শিল্প সেক্টর। শিপ বিল্ডিং উজ্জ্বল সম্ভবনাময় ও ক্রমশঃ উদীয়মান শিল্প। ১০০% রপ্তানীমুখী শিপ বিল্ডিং সেক্টরের কাজ কর্মের প্রকৃতি গার্মেন্টস শিল্পের back to back L/C'র আওতায় সম্পাদিত কাজকর্মের অনুরূপ। ১০০% রপ্তানীমূখী শিল্প প্রতিষ্ঠান হিসাবে জাহাজ নির্মান শিল্প একটি উল্লেখযোগ্য খাত হিসাবে আবির্ভূত হওয়ার পরিপ্রেক্ষিতে এ শিল্পের বিকাশের ধারাকে উৎসাহিত করা ও অব্যাহত রাখার স্বার্থে উল্লিখিত শিল্প প্রতিষ্ঠানসমূহের আবেদন ও এতদ্‌বিষয়ে বর্তমানে বিদ্যমান আইন, আদেশ ও বিধি বিধান এবং অনুসরনীয় পদ্ধতির বিষয়টি বোর্ডে পর্যালোচনা করা হয়েছে। সার্বিক পর্যালোচনান্তে, এ সেক্টরকে উৎসাহ প্রদান, আমদানীয় কাঁচামাল দ্রুততার সাথে খালাস এবং সামগ্রিকভাবে এদের কার্যক্রম সহজতর করার লক্ষ্যে রপ্তানীর উদ্দেশ্যে জাহাজ নির্মাণের জন্য প্রয়োজনীয় কাঁচামাল, সরঞ্জাম ও সামগ্রী আমদানির জন্য জাতীয় রাজস্ব বোর্ড নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নিম্নরূপ পদ্ধতি অনুসরনের আদেশ দিচ্ছে ঃ

**শর্তাবলী ঃ**

(১) শতভাগ রপ্তানীমুখী জাহাজ নির্মান শিল্পের অনুকূলে বন্ড লাইসেন্স প্রদানের জন্য প্রয়োজনীয় যাবতীয় শর্ত পূরণ ও আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স মঞ্জুর করা যাবে;

(২) যে দেশ থেকে জাহাজ নির্মানের কার্যাদেশ (Work order) পাওয়া যাবে সেদেশের ক্রেতা প্রতিষ্ঠানের নিকট থেকে উক্ত জাহাজ নির্মাণের জন্য আমদানিতব্য সকল কাঁচামালের সঠিক পরিমান ও Specification বিষয়ে একটি প্রত্যয়নপত্র পণ্য খালাসকালে শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে যাতে করে নির্মিতব্য জাহাজের জন্য প্রয়োজনীয় ও ব্যবহার্য কাঁচামালের বিষয়ে নিশ্চিত হওয়া যায় ;

(৩) প্রতিটি রপ্তানী আদেশের বিপরীতে জাহাজ নির্মাণের জন্য প্রয়োজনীয় কাঁচামাল, সামগ্রী ও সরঞ্জামের তালিকা, ধরণ ও বিবরণ প্রত্যয়নপত্রে সুনির্দিষ্টভাবে ক্রমানুসারে (serially) উল্লেখ করতে হবে ;

(৪) প্রতিষ্ঠান কর্তৃপক্ষ রপ্তানীতব্য জাহাজ নির্মাণের জন্য প্রয়োজনীয় কাঁচামালের বিবরণ, specification, পরিমান, গুনগত মান, মূল্য ইত্যাদি বিষয়ে জাহাজিকরনের পূর্বে আর্ন্তজাতিক খ্যাতিসম্পন্ন Survey Company দ্বারা PSI (Pre-shipment Inspection) সম্পন্ন করতঃ শুল্কায়নকালে এতদসংশ্লিষ্ট প্রত্যয়নপত্র শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন ;

(৫) প্রতিটি জাহাজ নির্মানের জন্য কি পরিমান কাঁচামাল ব্যবহৃত হবে এবং কাঁচামালের সঠিক specification তথা নির্মিতব্য জাহাজের বিষয়ে বন্ডার International classification society (IMO'র আওতায়পরিচালিত যথা Lloyds Register Shipping (UK), Germeunischer Lloyds (Germany), American Bureau of Shipping (US) কর্তৃক ইস্যূকৃত প্রত্যয়নপত্র (Certification) পণ্য চালান খালাস প্রক্কালে শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন ;

(৬) প্রতিটি Ocean Going Vessel নির্মাণের জন্য ক্রেতার দেশ থেকে যে কার্যাদেশ (work order) এবং এর জন্য প্রয়োজনীয় কাঁচামাল ও সামগ্রীর বিষয়ে যে প্রত্যয়নপত্রসমূহ পাওয়া যাবে তা কমিশনার (বন্ড) এর নিকট দাখিল করলে তিনি তাঁর অনুসরনে প্রাপ্ত প্রতিটি কার্যাদেশের বিপরীতে একটি ইউপি জারী করবেন, যাতে আমদানিকৃত পণ্যের তালিকা, পরিমান ও নির্মিতব্য পণ্যের রপ্তানীর সময়সীমার উল্লেখ থাকবে। সাধারণভাবে আমদানিকারকের পণ্য চালান বন্দর অভ্যন্তরে কায়িক পরীক্ষার পরিবর্তে বন্ডারের Ship Yard'এ পৌঁছানোর পর সংশ্লিষ্ট অধিক্ষেত্রের সহকারী কমিশনার পদের নিম্নে নহে এমন একজন কর্মকর্তার তত্ত্বাবধানে পণ্যের কায়িক পরীক্ষা করে ঘোষনা মোতাবেক পণ্যের পরিমান, বর্ণনা বিষয়গুলো নিশ্চিত হতে হবে । প্রয়োজনবোধে কমিশনার চালান খালাসের পূর্বেই চালানের কায়িক পরীক্ষা সম্পন্ন করতে পারবেন;

(৭) প্রতিটি জাহাজ নিমার্ণের জন্য যে পরিমান কাঁচামাল ব্যবহার করা হবে তার যথাযথ সহগ (co-efficient) BUET এর সংশ্লিষ্ট বিভাগের একজন Expert / নৌ-বাণিজ্য অধিদপ্তরের principal officer দ্বারা প্রস্তুত হতে হবে। এ সহগ অনুযায়ী জাহাজ নির্মাণের পর সংশ্লিষ্ট কমিশনার এ মর্মে নিশ্চিত হবেন যে, আমদানিকৃত কাঁচামাল যথাযথভাবে ব্যবহৃত হয়েছে ;

(৮) প্রতিটি আমদানিকৃত চালানের বিপরীতে প্রযোজ্য শুল্ক-করের সমপরিমান অর্থের ২৫% নিঃশর্ত ব্যাংক গ্যারান্টি সংশ্লিষ্ট কমিশনার বরাবরে দাখিল করতে হবে;

(৯) আমদানিয় প্রতিটি পণ্য চালান এবং রপ্তানীতব্য প্রতিটি জাহাজের ক্ষেত্রে ব্যবহার্য/ব্যবহৃত সমুদয় কাঁচামাল ইত্যাদির বিষয়ে সঠিক তথ্যাদি নিয়মমাফিক রেজিষ্টার, বহি ইত্যাদিতে লিপিবদ্ধ করতে হবে ;

(১০)জাহাজ রপ্তানী সম্পন্ন হবার পর তার স্বপক্ষে পিআরসি দাখিল ও তা যাচাইয়ে সঠিক প্রাপ্তি সাপেক্ষে কাঁচামাল আমদানি পর্যায়ে বন্ডার কর্তৃক দাখিলকৃত ব্যাংক গ্যারান্টি অবমুক্তযোগ্য হবে;

(১১) কার্যাদেশে (Work order) বর্ণিত সময়সীমার মধ্যে বন্ডার আমদানিকৃত কাঁচামাল দ্বারা জাহাজ প্রস্তুতপূর্বক রপ্তানী নিশ্চিত করবেন এবং বন্ড কমিশনার বিষয়টি মনিটর করবেন ;

(১২) আমদানিকৃত কাঁচামালের কন্টেইনার শুল্ক নিয়ন্ত্রন এলাকা হতে ইন্সপেক্টরের নীচে নয় এমন কর্মকর্তা দ্বারা যথাযথভাবে এসকর্ট 'র মাধ্যমে বন্ডারের শীপইয়ার্ডে পৌছাতে হবে।

০২। প্রয়োজন মনে করলে যুক্তিসঙ্গত কারনে সংশ্লিষ্ট কমিশনার নিজ নিজ ক্ষেত্রে অন্য কোন শর্ত যুক্ত করতে পারবেন।

প্রাপক ঃ

১। কমিশনার, কাস্টমস্ বন্ড কমিশনারেট, ৩৪২/১,সেগুনবাগিচা, ঢাকা।
২। কমিশনার, কাস্টম হাউজ, ঢাকা/চট্টগ্রাম (আমদানি/রপ্তানি)/মংলা/বেনাপোল।
৩। অতিরিক্ত কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, আঞ্চলিক কার্যালয়, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৪। পি এ টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫। পি এ টু সদস্য (শুল্ক), জাতী রাজস্ব বোর্ড, ঢাকা।

স্বাঃ
(কাজী তৌহিদা আখতার)
দ্বিতীয় সচিব (শুল্কঃ রপ্তানী ও বন্ড)

নথি নং ১(১৩)শুল্কঃ ৪/৯০(অংশ-২)/১২৫৭(২২) তারিখ ঃ১৮/০৩/২০০৮খ্রীঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। ব্যবস্থাপনা পরিচালক মেসার্স আনন্দ শিপইয়ার্ড এন্ড সিপ্লওয়েজ লিঃ, ৬৭,নয়া পল্টন, সিটি হার্ট, ঢাকা।
২। ব্যবস্থাপনা পরিচালক মেসার্স ওয়েষ্টান মেরিন শিপইয়ার্ড লিঃ, কোলাগাঁও নং-৪, কোলাগাঁও, পটিয়া, চট্টগ্রাম।

Tauhida 18.03.08
(কাজী তৌহিদা আখতার)
দ্বিতীয় সচিব (শুল্কঃ রপ্তানী ও বন্ড)